শৈলকুপায় ফেইক আইডিতে কটুক্তিমুলক মন্তব্য করায় অধ্যক্ষের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের শৈলকুপার শেখপাড়া দুঃখী মাহমুদ কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে কটুক্তিমুলক মন্তব্য করায় এক সংবাদ সম্মেলনের অনুষ্টিন অনুষ্টিত হয়েছে। রবিবার সকাল ১১টায় শেখপাড়া দুঃখী মাহমুদ কলেজের হলরুমে লিখিত সংবাদ সম্মেলনে কলেজের অধ্যক্ষ আসাদুর রহমান বলেন আমার বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিত ও সামাজিক ভাবে হেয় প্রতিপন্ন করার জন্য কে বা কাহারা সামজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আমার ছবি ব্যবহার করে নবী শয়তান ও নবী নারাজ নামের দুটি ফেইক আইডি খুলে আমার পরিবারের ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি ব্যবহার করে বিভিন্ন কটুক্তমুলক মন্তব্য করে পোস্ট দেয়। এই বিষয়টি আমার দৃষ্টি গোচর হলে আমি গত ৫ ও ৭ই জানুয়ারী শৈলকুপা থানায় পৃথক ভাবে ২০৫ ও ২৯৫ নম্বরের দুটি ডায়েরি করেছি। উক্ত সংবাদ সম্মেলনে কলেজের শিক্ষক , কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল

ঝিনাইদহে দীর্ঘ ১৪ বছর পর চালু হলো সরকারী শিশু হাসপাতাল

প্রতিষ্ঠিত হওয়ার দীর্ঘ ১৪ বছর পর চালু হয়েছে ঝিনাইদহের ২৫ শয্যা বিশিষ্ট সরকারী শিশু হাসপাতালের সেবা কার্যক্রম। শনিবার দুপুরে ফিতা কেটে হাসপাতালটির কার্যক্রম আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।

এসময় উপস্থিত ছিলেন পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব আসাদুল ইসলাম, স্বাস্থ্য অধিদপ্তরের খুলনা বিভাগীয় পরিচালক ডা: রাশেদা সুলতানা, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

সাইদুল করিম মিন্টু, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমসহ স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা । উদ্বোধন শেষে অতিথিরা হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন।

সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, দেশের প্রথম এই সরকারি শিশু হাসপাতালে এখন থেকে বর্হিঃবিভাগে শিশুদের চিকিৎসা সেবা প্রদান করা হবে এবং পর্যায়ক্রমে অন্তঃবিভাগও চালু করা হবে।

প্রতিদিন একজন শিশু রোগ বিশেষজ্ঞ ও দুই জন মেডিকেল অফিসার শিশুদের চিকিৎসা সেবা প্রদাণ করবেন। ২০০৬ সালে জেলা শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় নির্মাণ করা হয় এই হাসপাতালটি।

আগামী ১০ বছরের মধ্যে ভারতের থেকে রেল ব্যবস্থায় উন্নত হবে বাংলাদেশ- মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে

আগামী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশের রেলওয়ে ব্যবস্থা ভারতের থেকে উন্নত হবে। যেভাবে রেলে বিনিয়োগ চলছে এই ধারা অব্যাহত থাকলে আগামী ১০ বছরের মধ্যে উন্নত রেল ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হবে বলে আশা ব্যক্ত করেছেন বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোঃ শামছুজ্জামান।

শনিবার দুপুরে কালীগঞ্জের বারোবাজার রেলস্টেশনে কৃষিপণ্য পরিবহণের জন্য লাগেজ ভ্যান সংযুক্ত বিষয়ক অংশীজন সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, বাংলাদেশের রেলওয়ের কারিগরি মান ইউরোপসহ আন্তর্জাতিক মানের সমতুল্য। দেশের রেওলয়ের আধুনিকায়নে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এভাবে চললে আমাদের দেশের রেল ব্যবস্থা উন্নত হতে বেশি সময় লাগবে না।

এর আগে অংশীজন সভায় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক মিহিরকান্তি গুহ, রেলওয়ের রাজশাহী আরএনবি’র চীফ কমাডেন্ট আশাবুল ইসলাম, পশ্চিমাঞ্চলের প্রধান বৈদ্যুতিক প্রকৌশলী মুহাম্মদ শফিকুর রহমান, চীফ কমার্শিয়াল ম্যানেজার মোহাম্মদ আহছান উল্যা ভূঞাঁ, প্রধান যন্ত্র প্রকৌশলী মোহাম্মদ কুদরত-ই খুদা, প্রধান প্রকৌশলী আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান, চীফ অপারেটিং সুপারিনটেনডেন্ট শহিদুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার পিড়াগাতি আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার দিনব্যাপী চক্ষু রোগীদের জন্য এ মেডিক্যাল ক্যাম্পের আয়োজন করা হয়। এসময় ৫ শতাধিক চক্ষুরোগীকে ১০ জন চিকিৎসক চক্ষু সেবা প্রদাণ করে।

আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের চেয়ারম্যান আসাদুজ্জামান বলেন, ৫শতাধিক রোগির মধ্যে প্রথম পর্যায়ে ১শত ৩০ জন রোগীকে চোখের ছানী অপারেশনের জন্য খুলনা শিরোমনি বি এন এস বি চক্ষু হাসপাতালে পাঠানো হবে।

এছাড়াও সকল রোগিকে বিনামূল্যে চশমা ও ঔষধ প্রদান করা হবে। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সমাজ সেবক আলমগীর হোসেন।

হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী ফারুক হোসেনের সাথে সাংবাদিকদের মতবিনিময়

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের মেয়র প্রার্থী মোঃ ফারুক হোসেনের সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের অস্থায়ী কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজুর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এইচ মাহবুব মিলুর সঞ্চালনায় মোঃ ফারুক হোসেন সাংবাদিকদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

এসময আরও বক্তব্য রাখেন হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সিনিয়র সহ-সভাপতি মাহবুব মোর্শেদ শাহীন, দৈনিক ইত্তেফাক প্রতিনিধি ও হরিণাকুণ্ডু প্রেসক্লাবের উপদেষ্টা শাহানুর আলম, প্রেস ক্লাবের সহ-সভাপতি সাইফুর রহমান বাদল, মোস্তাফিজুর রহমান এলবি লিটন, মামুনর রশীদ টোটন, আনন্দ টিভির জাফিরুল ইসলাম, শহিদুল ইসলাম টুকুসহ অন্যান্য সাংবাদিকবৃন্দ।

এসময় সাংবাদিকদের উদ্দেশ্যে মোঃ ফারুক হোসেন বলেন, সাংবাদিকরা জাতির বিবেক আগামী ৩০ জানুয়ারী, হরিণাকুণ্ডু পৌরসভার নির্বাচন হতে যাচ্ছে সেই নির্বাচন যেন সুষ্ঠু এবং নিরপেক্ষ হয় সেটাই আমার উদ্দেশ্য। আপনারও নিরাপেক্ষ থেকে সংবাদ পরিবেশন করবেন বলে আমি আশাকরি।

আমি বা আমার কর্মী সমর্থক বাহিনী যদি কোন ধরণের আচরণ ভঙ্গেরমত কাজ করে তাহলে আমার কাছে জানালে খুশি হবো। উদ্দেশ্যমূলক ভাবে বা কোন ব্যক্তি গোষ্টির প্ররোচণায় মিথ্যা সংবাদ পরিবেশন করবেন না বলেও আমি আশা করি।

সবশেষে তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা আমাকে নৌকা দিয়েছেন আমি এর সম্মান রক্ষা করার চেষ্টা করে যাব এবং আমি জনগণের ভোটে নির্বাচিত হলে, আমার রাজনৈতিক অভিভাবক জেলা আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক, ঝিনাইদহ-২ আসনের সংসস সদস্য,

হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দকে সাথে নিয়ে এবং তাদের সহযোগীতায় হরিণাকুণ্ডুকে সি গ্রেডের পৌরসভা থেকে এ গ্রেডের পৌরসভায় উন্নিত করার চেষ্টা করে যাব।

দামুড়হুদার কানাইডাঙ্গা- ছাতিয়ানে কৃষি জমিতে মাটি কাটার হিড়িক

দামুড়হুদার কানাইডাঙ্গা-ছতিয়ানতলা গ্রামের মাঝ মাঠে কৃষি জমিতে ভেকু মেশিন দিয়ে মাটি কাটা হচ্ছে। অবৈধভাবে ফসলি জমির মাটি কাটার ফলে খাদ্য ঘারতি হতে পারে বলে ধারণা করছে সচেতন মহল।

সরেজমিনে ও অভিযোগে জানা যায়, দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা- ছাতিয়ানতলা এই দুই গ্রামের মাঝ মাঠে ভেকু মেশিন দিয়ে অবৈধ উপায়ে কৃষি জমি থেকে মাটি উত্তোলন করে চলেছে চিহ্নিত দুই জন ভূমিদস্যু। চিহ্নিত এই দুইজন ভূমিদস্যু হলো হুদাপাড়া গ্রামের নাজমুল হাসান গ্যাগা ও চন্দ্রবাস গ্রামের রাজ্জাক।

বেশ কিছুদিন যাবত এই দুই চিহ্নিত ভূমিদস্যু কানাইডাঙ্গা- ছাতিয়ানতলা এই দুই গ্রামের মাঝের মাঠে ফসলি জমি থেকে অবৈধ ভাবে মাটি কেটে উপজেলার বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে আসছে। এই দুই গ্রামের কৃষকরা তাদের মাঠের ফসলি জমি থেকে মাটি কে বিক্রি করতে একাধিকবার নিষেধ করলেও তারা কোনো কর্ণপাত না করাই কৃষকরা দিশেহারা হয়ে পড়েছে। ভূমিদস্যুরা প্রভাবশালী হওয়ায় তাদের ভয়ে জোর গলায় কথাও বলতে পারছে না।

এ বিষয়ে ঐ এলকার ভূক্তভোগী কৃষকরা কৃষি জমি বাঁচাতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সু-দৃষ্টি কামনা করেছে। এ বিষয়ে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ জানান, অবৈধ উপায়ে মাটি কেটে বিক্রিকারী যেই হোক না কেনো তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সরকারি জমি থেকে অবৈধ দোকান ঘর উচ্ছেদের সময় বাড়লো দুই দিন

দামুড়হুদা উপজেলার কার্পসডাঙ্গায় সরকারি খাঁস জমি দখল করে টিনের ঘর নির্মাণ করা হয়েছে। বেশ কয়েক দিন ধরে চলছে ৩২ টি দোকান ঘর নির্মাণের কাজ । ইতোমধ্যে বেশ কিছু ঘরের কাজ প্রায় শেষের পথে, এছাড়াও বেশ কিছু নির্মাণ কাজ চলছে।

শনিবারের মধ্যে এসকল দখলদারদের অবৈধ ঘর অপসারণের নির্দেশ দিয়েছেন উপজেলা প্রশাসন।

জানা যায়, উপজেলার কার্পাসডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পিছনে, ১৪৯৮ দাগে প্রায় ১৪ একর খাঁস জমি রয়েছে। গত কয়েক দিন ধরে ঐ জমিতে স্থানীয় বেশ ক’ একজন নেতা সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক বাহারু ইসলাম প্রায় ২০/৩০জন জমি দখল করে ৩২ টি অবৈধভাবে দোকান ঘর নির্মাণ করছেন।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ দিকে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্ম্সিকিউটি ম্যাজিস্টেট সুদীপ্ত কুমার সিংহ ঘটনাস্থল পরিদর্শন করলে সতত্যা পান।

ঘটনাস্থল পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার আগামী শনিবার নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ দখল অপসারণ করা না হলে অবৈধ দখলদারদের বিরুদ্ধে সর্বোচ্চ আইন গত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশ দেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় অবৈধ দখলদারদের ঠিক দিকনির্দেশনা প্রদানসহ খাস জমিকে কেন্দ্র করে যেন কোন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেবিষয়ে তাদেকে সচেতন করেন।

এসময় উপস্থিত ছিলে, কার্পাসডাঙ্গা ইউপির চেয়ারম্যান খলিলুর রহমান

ভুট্টু, বাজার বনিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান মিঠু, বাজার বনিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহান কচি প্রমুখ।

হরিণাকুন্ডু উপজেলা ও পৌর আওয়ামী লীগের যৌথ বর্ধিত সভা

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা ও পৌর আওয়ামী লীগের যৌথ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ জানুয়ারী হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে নৌকার প্রার্থীকে বিজয়ী করার লক্ষ্যে এ যৌথ বর্ধিত সভা হরিণাকুন্ডু জেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দারের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রবিউল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, আব্দুল হাই এমপি।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহের পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সাংসদ তাহজিব আলম সিদ্দিকী সমি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান জনাব কনক কান্তি দাস, উপজেলা চেয়ারম্যান ও উপ-দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হোসাইন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণসহ জেলা, উপজেলা, পৌর আওয়ামী লীগ ও সকল অংগ ও সহযোগী সংগঠনের জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, আওয়ামী লীগের সকল পর্যায়ের নেতা কর্মীরা ঐক্যবদ্ধ থাকলে আমাদের জয় নিশ্চিত হবে। যারা আওয়ামী লীগ করে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে কাজ করবে তারা আওয়ামী লীগের থাকার অধিকার হারাবে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সকলকে এক সাথে কাজ করার আহবান জানান।

কালীগঞ্জে ঐতিহ্যবাহি গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার প্রত্যন্ত গ্রাম সলুয়া পশ্চিমপাড়ায় অনুষ্ঠিত হয়ে গেল ঐতিহ্যবাহি গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা। গ্রাম বাংলার ঐতিহ্যবাহি এ প্রতিযোগীতা দেখতে হাজির হয়েছিল কয়েক হাজার দর্শক।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে প্রতিযোগিতা শুরু হলেও মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় বিকাল ৪টায়। সকাল থেকে খেলা দেখতে আশে পাশের গ্রামসহ দূরদুরান্ত থেকে নারী-পুরুষ ও শিশুরা আসতে থাকে। দুপুর গড়াতেই বিলুপ্ত প্রায় এ দৌঁড় প্রতিযোগিতাকে কেন্দ্র করে সৃষ্টি হয় উৎসবের আমেজ। আর রোমাঞ্চকর এই প্রতিযোগিতা ঘিরে আনন্দ মেলা ছিল বাড়তি আকর্ষণ।

জানা যায়, কালীগঞ্জ উপজেলা কাষ্টভাঙ্গা ইউনিয়নের সলুয়া গ্রামের কয়েক তরুণের উদ্যোগে আয়োজন করা হয় এ গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা।

ঝিনাইদহ, যশোর, চুয়াডাঙ্গা ও মাগুরা জেলা থেকে ১৮ ব্যক্তি তার গরু ও গরুর গাড়ি নিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। প্রথম স্থান অধিকার করেন যশোর সদর উপজেলার দোহারপাড়া গ্রামের ইউছুপ আলী। দ্বিতীয় ঝিনাইদহের মহেশপুর উপজেলার রজন মিয়া এবং তৃতীয় স্থান অধিকার করেন কালীগঞ্জ মহিষাহাটি গ্রামের সেলিম উদ্দীন।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী। এসময় আরো উপস্থিত ছিলেন কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মতলেবুর রহমান এবং কাষ্টভাঙ্গা ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান রাশেদুল ইসলাম রাশেদ। খেলার সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বারোবাজার পুলিশ ফাড়ির ইনচার্জ মকলেছুজ্জামান।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কাষ্টভাঙ্গা ইউনিয়নের ৩নং ওয়ার্ড

আওয়ামী লীগের সভাপতি লুৎফর রহমান।

গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতার আয়োজক কমিটির সদস্য ইউপি মেম্বার নাসির উদ্দীন জানান, কালীগঞ্জ উপজেলায় এই প্রথম গরুর গাড়ি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে ও এলাকার মানুষকে আনন্দ দিতেই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

র্যাব সেবা সপ্তাহ উপলক্ষে ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

মুজিব শতবর্ষে র্যাব সেবা সপ্তাহ উপলক্ষে ঝিনাইদহে দুস্থ ও অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে শহরের বিসিক শিল্প নগরী এলাকায় র্যাব ক্যাম্পের পাশে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় শহরের বিভিন্ন এলাকা থেকে আসা ২ শতাধিক মানুষের হাতে কম্বল তুলে দেন ঝিনাইদহ র্যাব-৬ এর ক্যাম্পের কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার কামাল উদ্দিন।

এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ র্যাব সদস্য ও স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন। কম্বল পেয়ে খুশি অসহায় হতদরিদ্র মানুষগুলো।